



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
১৩নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি  
মৎস্য ভবন, রমনা, ঢাকা।  
www.fisheries.gov.bd




পত্র নং ৩৩.০২.০০০০.১২৪.৩০.০০২.১১- ৭০৯

তারিখঃ ২৯/১২/২০২০ খ্রিঃ

বিষয়ঃ অপদ্রব্য মিশায়ে চিংড়ির ওজন বৃদ্ধি রোধকল্পে পুশবিরোধী অভিযান জোরদারকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি চিংড়িতে ওজন বাড়ানোর জন্য এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী জেলীসহ বিভিন্ন অপদ্রব্য পুশ করে পুশকৃত চিংড়ি অভ্যন্তরীণ ও রপ্তানি সাপ্লাই চেইনে সরবরাহ করছেন এবং সম্প্রতি এই প্রবণতা ব্যাপকহারে বেড়েছে মর্মে বিভিন্ন সূত্রে অভিযোগ পাওয়া যাচ্ছে। একই সাথে কতিপয় মৎস্য প্রক্রিয়াজাতকরণ কারখানায় ধরণের অপদ্রব্য পুশকৃত চিংড়ি কিনে থাকেন বলে অভিযোগ রয়েছে। অপদ্রব্য পুশকৃত চিংড়ি বিদেশে রপ্তানি করা হলে এ দেশের চিংড়ির সুনাম ক্ষুণ্ণ হওয়ার পাশাপাশি রপ্তানি বাণিজ্যে বিঘ্নিত হওয়ায় ব্যাপক আশঙ্কা থাকে। উল্লেখ্য, মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) আইন, ২০২০ ধারা (৩১) অনুসারে মৎস্য ও মৎস্যপণ্য অপদ্রব্য মিশ্রিত করা একটি অপরাধ।

এমতাবস্থায়, আইনশৃঙ্খলা বাহিনীর সহযোগিতায় পুশবিরোধী অভিযান জোরদারকরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১২/১২/২০২০

(এস.এম. মহিব উল্লাহ)  
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা  
মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ

ফোন: ০২-৯৫৬৯৯৪৩

ই-মেইল: [psofiqc@fisheries.gov.bd](mailto:psofiqc@fisheries.gov.bd)

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা/ ৩ জলিল সরণি, বয়রা, খুলনা/  
২০৯ এনএম খান হিল রোড, মুরাদপুর, চট্টগ্রাম।
- ২। বিভাগীয় উপপরিচালক (সকল)-----
- ৩। জেলা মৎস্য কর্মকর্তা (সকল)-----

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্লোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন, স্কাইলার্ক পয়েন্ট (১১ তলা), ২৪/এ বিজয়নগর, ঢাকা।
- ৩। অফিস কপি।